APR 11 2002

যুগান্তর

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...



রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি আহত ছাত্রদল নেতাকর্মী (বাঁ থেকে) মশিউর রহমান সুমন, মিনহাজুল ইসলাম কল্লোল, গোলাম, হামিদুল ইসলাম জিয়া ও ফারুক হোসেন —যুগান্তর

# রাবি'তে শিবিরের ফের হামলায় ছাত্রদলের ১০ নেতাকর্মী আহত

রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে গত মঙ্গলবার গভীর রাতে ছাত্রশিবির নেতাকর্মীরা বেশ কয়েকটি হলে হামলা চালিয়ে ছাত্রদলের অন্তত ২০ জন নেতাকর্মীকে আহত করেছে। কয়েকজনকে হলের ছাদ থেকে ফেলে দেয়া হয়েছে। গুরুতর আহত ৮ জনকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। হামলার সময় বেশ কয়েকটি কক্ষ ভাংচুর ও লুটপাট হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। ছাত্রদল ও শিবিরের মধ্যে সব ধরনের সমঝোতার উদ্যোগ ভেস্তে গেছে।

রাবি : পৃষ্ঠা : ১৩ কলাম : ৪

## রাবি : সংঘর্ষ

(শেষ পৃষ্ঠার পর)

এদিকে, সংঘর্ষের জের ধরে গতকাল বুধবার কোন বিভাগের পরীক্ষা অনুষ্ঠিত হয়নি।

ক্যাম্পাসের নির্ভরযোগ্য সূত্র এবং প্রত্যক্ষদর্শী ছাত্ররা জানায়, পূর্ব পরিকল্পনা অনুযায়ী ছাত্রশিবিরের নেতাকর্মীরা কয়েকটি হলে মঙ্গলবার রাতে হামলা চালায়। হলগুলোর মধ্যে রয়েছে– শহীদ জিয়াউর রহমান হল, শহীদ হবিবুর রহমান হল এবং মাদার বখ্শ হল। শিবির নেতাকর্মীরা শহীদ হবিবুর রহমান হলের ১১৮, ১৮৮, ১৮৯, ১৯৭, ২৪৫, ২২৮ এবং ৩১০ নম্বর কক্ষে ব্যাপক ভাংচুর ও লুটপাট চালায়। এসব কক্ষে অবস্থানরত ছাত্রদল নেতাকর্মীদের বেধরক পিটিয়ে হাত-পা ভেঙে দিয়েছে।

ছাত্রদল নেতাদের অভিযোগ, শিবির ক্যাডাররা জিয়া হলের ছাত্রদলের যুগ্ম সম্পাদক হামিদুল ইসলামকে দোতলার ছাদ থেকে ফেলে দেয়। এতে হামিদুলের পা ভেঙে যায়। তাছাড়া আহত অন্যান্যকে গুরুতর অবস্থায় রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। এরা হল– মশিউর রহমান সুমন, মিনহাজুল ইসলাম কল্লোল, ফারুক হোসেন, রনি, গোলাম ও সাফিন। আহতরা সবাই হল পর্যায়ের ছাত্রদলের সিনিয়র নেতা।

ছাত্রদল নেতাদের অভিযোগ, শিবির ক্যাডাররা মাদার বখ্শ হলের বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের আহ্বায়ক তাইফুল ইসলাম টিপুর ২২৬ নম্বর কক্ষে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার ছবিতে বিষ্ঠা লাগিয়ে দেয়।

বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রশিবিরের সভাপতি মাসুদ বলেন, হামলার ঘটনার সঙ্গে শিবিরের কোন সম্পর্ক নেই। তৃতীয় কোন পক্ষ আসন্ন সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে জোটের মধ্যে ফাটল ধরানোর জন্য এ ধরনের ঘটনা ঘটাচ্ছে।

**শিবিরের হামলায় ছাত্রলীগ নেতা আহত**

বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সদস্য ও লতিফ হলের যুগ্ম আহ্বায়ক গোলাম কিবরিয়াকে বুধবার সকাল ১১টার দিকে ছাত্রশিবির নেতাকর্মীরা বেদম প্রহার করেছে। গোলাম কিবরিয়া ইসলামের ইতিহাস শেষ বর্ষের ছাত্র।